

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.১২১

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০

০৭ মার্চ ২০২৪

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ (রিট পিটিশন নং- ৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত) পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নথি পর্যালোচনা দেখা যায় যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ এর আদেশ মোতাবেক রাজামাটিস্থ রাজামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা (ইনচার্জ) জনাব রাজশ্রী চাকমা গং বাদী হয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯ম গ্রেডে পদ সংরক্ষণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৬৬৭/২০১৫ দায়ের করেন। উক্ত মামলার বিষয়ে গত ০৭.১২.২০১৫ এবং ০৯.১১.২০১৭ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের বিষয়ে কোনো কার্যক্রম গ্রহণ না হওয়ায় বাদী কনটেম্পট মামলায় নতুন করে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১৬নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, যেহেতু কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ (রিট পিটিশন নং- ৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১৬নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কনটেম্পট পিটিশন নং-কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ (রিট পিটিশন নং- ৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৮-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

ইমেইল: law.section1@shed.gov.bd


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.১২১/১(৩)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০  
০৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব